

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

ডিএফআইএম সার্কুলার লেটার নং-১২

তারিখ : ১৮ মে, ২০১০
০৪ জৈষ্ঠ, ১৪১৭

বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী নিয়োগ সংক্রান্ত নীতিমালা পসঙ্গে।

আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী নিয়োগ সংক্রান্ত নীতিমালা সম্পর্কিত এফআইডি সার্কুলার নং-০১, তারিখঃ ০৬ ফেব্রুয়ারী, ২০০৬ এর ৪ নং অনুচ্ছেদের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, আর্থিক প্রতিষ্ঠানের সাধারণ কর্মকর্তা/কর্মচারীদের অনুকূলে উৎসাহ বোনাস প্রদান সাপেক্ষে আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী উৎসাহ বোনাস প্রাপ্য হবেন। তবে শর্ত থাকে যে, প্রধান নির্বাহীর অনুকূলে প্রদেয় ঐরূপ বোনাস বছরে ১০(দশ) লক্ষ টাকার বেশী হবে না।

এ ক্ষেত্রে এফআইডি সার্কুলার নং-০১, তারিখঃ ০৬ ফেব্রুয়ারী, ২০০৬ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এই সিদ্ধান্ত অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ শফিকুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৭১২০৯৫৬